# [redacted]

[redacted] (555) 555-0142 [redacted]

## [redacted]

[redacted] [redacted] [redacted] [

# [redacted]

[redacted]

ফরম পূরণের দাবিতে মানববন্ধন

মানববন্ধনে সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ ইজারুল ইসলাম বলেন, অধ্যক্ষ আ.ফ.ম আলিমুজ্জামান দুর্নীতি করে শিক্ষার্থীদের উপবৃত্তির ৪০ হাজার ৫শত টাকা, শিক্ষক— কর্মচারীদের নিকট থেকে ৫ লক্ষ ৮৪ হাজার টাকা ও কলেজের আয়কৃত ১ লক্ষ্য ৪১ হাজার ৪৭০ টাকাসহ সর্বমোট — ৭ লক্ষ ৬৫ হাজার ৯ শত ৭০ টাকা হাতিয়ে নেয়। এ বিষয়ে বর্তমান কলেজ কর্তৃপক্ষ যশোর বোর্ডের আরবিট্রেশন বোর্ডে ০৫/০১/২০২১ ইং তারিখে একটি লিখিত অভিযোগ দায়ের করেন যার আইডি নং—৪২৪৬।

তিনি বলেন, সেই সাথে মেহেরপুর বিজ্ঞ আদালতে একটি মামলা চলমান রয়েছে যার নং— সিআর—১২৬/২০২১ তারিখ ২৮/০৩/২০২১ ইং। তাছাড়া অধ্যক্ষ আ.ফ.ম আলিমুজ্জামান এর নিয়োগের রেজুলেশনে বহিতে ভিন্ন ভিন্ন রেজুলেশন দেখা গেছে। সে বিষয়েও জটিলতা রয়েছে।
তিনি আরো বলেন এ জটিলতা থেকে পরিত্রান পেতে ১৮/০৭/২০২১ ইং তারিখে যশোর বোর্ডের চেয়ারম্যানকে অ্যাড্রেস করে— মেহেরপুর জেলা প্রশাসক, গাংনী উপজেলা নির্বাহী অফিসার, জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সভাপতি বরাবরে অনুলিপি প্রেরণ করা হয়েছে। ২৯/০৭/২০২১ ইং তারিখে কলেজ পরিদর্শক বরাবরে পুনরায় একটি পত্র প্রেরণ করা হয়েছে। অতঃপর ১৭/০৮/২০২১ ইং তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা সচিব, যশোর বোর্ডের চেয়ারম্যান, খুলনা বিভাগের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক ও যশোর বোর্ডের কলেজ পরিদর্শক বরাবরে পোস্ট অফিসের মাধ্যমে রেজিস্ট্রি করে লিগ্যাল নোটিশ প্রেরণ করা হয়েছে।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাহবুব উল আলম আরো বলেন, অধ্যক্ষ আ.ফ.ম আলিমুজ্জামানকে যাতে চূড়ান্ত বরখাস্ত না করা য় সে জন্য চলতি মাসের ৩০ তারিখ এইচএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণের শেষ সময়সীমা থাকলেও (ইআইআইএন—১১৮২৫৪) এর পাসওয়ার্ড ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাহবুব উল আলমকে না দিয়ে জটিলতার সৃষ্টি করেছেন। ফলে শতাধিক শিক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চতার ঝুঁকিতে পড়েছে। এর থেকে পরিত্রাণ চান শিক্ষার্থী— অভিভাবক ও শিক্ষক মন্ডলী। অন্যথায় অধ্যক্ষ আ.ফ.ম আলিমুজ্জামান এর বিরুদ্ধে কঠোর আন্দোলন গড়ে তোলাসহ ও আইনগত ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন বক্তারা।

গাংনীতে ব্যাংকের এজেন্টকে গুলি করে হত্যার ঘটনায় মামলা

মেহেরপুরের গাংনীতে সিটি ব্যাংকের এজেন্ট খাদেমুল ইসলামকে গুলি করে হত্যার ঘটনায় মামলা দায়ের করা হয়েছে। শুক্রবার নিহতের ভাই আরফান আলী বাদী হয়ে কয়েকজন অজ্ঞাতনামাদের বিরুদ্ধে মামলাটি দায়ের করেন।

গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম জানান, খাদেমুল ইসলামকে গুলি করে হত্যার ঘটনায় তার ভাই বাদী হয়ে অজ্ঞাতনামাদের বিরুদ্ধে গাংনী থানায় মামলা দায়ের করেছে। মামলা নং ৩০। তারিখ ২৭-০৮-২০২১ ইং। মামলাটি তদন্ত করা হচ্ছে তদন্তে এখন পর্যন্ত অগ্রগতি হয়েছে। হত্যাকান্ডের ঘটনায় জড়িতদের সনাক্ত পূর্বক দ্রত গ্রেফতার করা সম্ভব হবে।

উল্লেখ্য, বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে আমঝুপি-গাড়াডোব সড়কের গাড়াডোব এলাকায় ছিনতাইকারীরা ছিনতাইয়ের চেষ্টা ব্যার্থ হয়ে গুলি করে খাদেমুল ইসলামকে হত্যা করে। খাদেমুল ইসলাম খুন হলেও তারে কাছে থাকা ব্যাগে ৪৬ লাখ টাকা অক্ষত থাকে।

গাংনীতে মাদক মামলার পলাতক আসামী গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে মাদক মামলার পলাতক আসামী বানারুল ইসলামকে
(৩০) গ্রেফতার করেছে পুলিশ।

রবিবার সন্ধ্যায় উপজেলার কাথুলী ইউনিয়নের খাসমহল গ্রামের একটি চায়ের দোকান থেকে তাকে গ্রেফতার করে ধলা পুলিশ ক্যাম্পের টু

আইসি মো: রবিউল ইসলাম। গ্রেফতারকৃত বানারুল ইসলাম খাসমহল পশ্চিমপাড়ার নজরুল ইসলামের ছেলে।

ধলা পুলিশ ক্যাম্পের টু আইসি মো: রবিউল ইসলাম জানান,মাদক মামলায় আদালত কর্তৃক গ্রেফতারী পরোয়ানা আসামী বানারুল ইসলাম খাসমহল গ্রামের একটি চায়ের দোকানে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। পরে তাকে গাংনী থানায় নেয়া হয়েছে। সোমবার তাকে আদালতে সোপর্দ করা হবে।

গাংনীতে লকডাউন বিধি না মানায় জরিমানা

মেহেরপুরের গাংনীতে করোনাভাইরাসের তৃতীয় দফার লকডাউন এর পঞ্চম দিনে ১২ টি মামলা দিয়ে ১৬ জনের নিকট জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।
আজ মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ৬ হাজার ৭’শ টাকা জরিমানা আদায় করে ভ্রাম্যমাণ আদালতের তিনটি টিম।
সরকারি নির্দেশনা অমান্য এবং স্বাস্থ্যবিধি লঙ্ঘনের দায়ে এ জরিমানা আদায় করা হয়। ৩টি টিমে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন গাংনী উপজেলা নির্বাহি অফিসার মৌসুমী খানম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি)ও এক্সিকিউটিভ নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলম এবং জেলা প্রশাসনের সহকারি কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মিথিলা দাস।
ভ্রাম্যমাণ আদালতের কারি ৩টি টিম গাংনী পৌরসভার,বামন্দী ইউনিয়ান,সাহারবাটি ইউনিয়ান,কাথুলী ইউনিয়ান,রাইপুর ইউনিয়ান,তেঁতুলবাড়ি ইউনিয়ান, এবং ধানখোলা ইউনিয়ানের বিভিন্ন এলাকার কোভিড-১৯ প্রতিরোধকল্পে অভিযান ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। এসময় অভিযান ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সার্বিক সহযোগিতা করেন বাংলাদেশ সেনাবাহিনী, পুলিশ বাহিনী, বিজিবি এবং আনসার ব্যাটালিয়নের সদস্যরা উপস্থিত ছিলেন।

গাংনীর মহাম্মদপুরে বৃদ্ধ’র আত্মহত্যা

মেহেরপুরের গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামে আলী আকুব্বর (৬৫) নামের এক বৃদ্ধ’ অভাব অনটনের জ্বালা সইতে না পেরে গলায় গামছা পেঁচিয়ে আত্মহত্যা করেছেন।
আজ শুক্রবার সকাল ৮টার দিকে বাড়ির অদূরে আম বাগানে গলায় গামছা পেঁচিয়ে আত্মহত্যা করে। তিনি ওই গ্রামের বাগানপাড়ার মৃত আককুব আলীর ছেলে।
স্থানীয়রা জানান পারিবারিক দ্বন্দ্ব-কলহ ও অভাবের তাড়নায় সে আত্মহত্যা করেছে।
গাংনী থানার ওসি বজলুর রহমান জানান ঘটনার সত্যতা নিশ্চিত করেন। ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। আত্মহত্যার কারনে ইউডি মামলা হবে।

জরিমানার টাকা মেম্বরের পকেটে!

বন্ধুর বাড়িতে বেড়াতে গিয়ে গ্যাড়াকলে পড়েছেন টিপু মিয়া (১৮) নামের এক কলেজ ছাত্র। শারীরিক নির্যাতন ছাড়াও অবৈধভাবে গ্রাম্য সালিশ ডেকে ৪০ হাজার টাকা জরিমানাও করা হয়েছে। অভিযোগ উঠেছে জরিমানার পুরো টাকা স্থানীয় ইউপি মেম্বর বাবলু কাশেম পকেটস্থ করেছেন।

ঘটনাটি মেহেরপুরের গাংনীর কুলবাড়িয়া গ্রামে গেল বৃহস্পতিবার দুপুরের। টিপু মিয়া ওই গ্রামের আমজাদ হোসেনের ছেলে ও গাংনী সরকারী কলেজের একাদশ শ্রেণির ২য় বর্ষের ছাত্র। সালিশকাররিা বলছেন ওই টাকা সমাজের উন্নয়নে কাজে লাগানো হবে।

জানা গেছে, টিপু মিয়া বৃহস্পতিবার প্রতিবেশি বন্ধু উজ্জ¦ল

বিষয়টি আমার জানা নেই। ভুক্তভোগী পরিবার অভিযোগ করলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

মেহেরপুরে করোনা আক্রান্তে তিন মুক্তিযোদ্ধাসহ চার জনের মৃত্যু

মেহেরপুরে করোনা আক্রান্ত হয়ে ৩ মুক্তিযোদ্ধাসহ ৪ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে দুজন মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় এবং দুজন নিজ বাড়িতে মৃত্যু বরণ করেন।
মঙ্গলবার সকালে মেহেরপুর জেনারেল হাসপাতালে মারা গেছেন মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা আবুল হায়াত (৭০), মেহেরপুর অক্সফোর্ড কিন্ডার গার্টেনের শিক্ষক শাম্মি আক্তার রানি (৪৫)। এছাড়া গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের নাজের আলী (৬৫), বামুন্দীর রওশন আলী (৭০) নিজ বাড়িতে আইসোলেশনের থাকা অবস্থায় মৃত্যু হয়।
মৃত্যু’র বিষয়টি নিশ্চিত করে সিভিল সার্জন মো: নাসির উদ্দীন জানান, সচেতনতার অভাব ও স্বাস্থ্যবিধি মেনে না চলার কারনে প্রতিদিনই করোনা আক্রান্তের পাশাপাশি মৃত্যু’র সংখ্যা বাড়ছে। এদিকে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে মুক্তিযোদ্ধাদের গার্ড অব অনার দিয়ে নিজ নিজ এলাকায় দাফন করা হয়েছে।

ফলোআপ:: গাংনীতে শিশু আবির

হত্যা ঘটনায় মামলা

মেহেরপুরের গাংনীতে শিশু আবির হোসেনকে অপহরনের পর হত্যার ঘটনায় মামলা দায়ের করা হয়েছে।
রবিবার দিবাগত রাতে নিহত আবির হোসেনের মা রোজিনা খাতুন বাদী হয়ে মামলাটি দায়ের করেন। মামলায় ষোলটাকা ইউনিয়ন পরিষদের সদস্য নুহুনবীর ছেলে হামিম ও মিরাজ উদ্দীনের ছেলে মুজাহিদের নাম উল্লেখ করে আরো কয়েকজন অজ্ঞাতনামা আসামী করা হয়েছে। মামলার এজাহার নামীয় দু’জন আসামীকে গ্রেফতার করেছে পুলিশ।
গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, শিশু আবির হোসেনকে অপহরনের পর হত্যার ঘটনায় দুজনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে নিহতের মা। মামলা নং ২৩ তাং ২৭.০৬.২০২১ ইং। মামলার এজাহার নামীয় দুজন আসামীকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃতদের মেহেরপুর আদালতে নেয়া হবে সেখানে তারা ১৬৪ ধারায় জবানবন্দি দেবেন। আসামীদের বয়স ১৪ ও ১৫ বছর হওয়ায় সম্ভবত তাদের সংশোধনাগারে রাখা হতে পারে। এদিকে নিহত শিশু আবিরের মরদেহ ময়না তদন্ত শেষে তার পিতার গ্রাম চুয়াডাঙ্গা সদর উপজেলার সরিষাডাঙ্গা গ্রামে জানাজা শেষে দাফন করা হয়েছে।
উল্লেখ্য : শনিবার বিকালে আবির হোসেনকে ডেকে নিয়ে যায় ষোলটাকা ইউনিয়ন পরিষদের সদস্য নুহুনবীর ছেলে হামিম ও মিরাজ উদ্দীনের ছেলে মুজাহিদ। সন্ধ্যায় আবিরের পিতা মালয়েশিয়া প্রবাসী আসাদুল হকের কাছে ১ লাখ টাকা মুক্তিপণ দাবি করে তারা। মুক্তিপণ না দেওয়ায় আবির হোসেনকে শ্বাসরোধ করে হত্যা করা হয়। পরে স্থানীয় লোকজন হামিম ও মুজাহিদকে আটক করে পুলিশে সোপর্দ করে। পরে গ্রেফতারকৃতরা পুলিশের কাছে হত্যার দায় স্বীকার করে লাশের সন্ধান দিলে রাত ১২ টায় মিনাপাড়া-মানিকদিয়া মাঠের একটি পাটক্ষেত থেকে মরদেহ উদ্ধার করে।

গাংনীতে মুক্তিপণ না পেয়ে শিশু

হত্যা, দু’জন আটক

মেহেরপুরের গাংনী উপজেলার মিনাপাড়া গ্রামে মুক্তিপণের দাবিতে আবির হোসেন (১২) নামের এক শিশুকে শ্বাসরোধে হত্যা করা হয়েছে।

শনিবার দিবাগত রাত ১২টার দিকে গাংনী থানা পুলিশের একটিদল সন্দেহভাজন হত্যাকারীদের তথ্যের ভিত্তিতে গ্রামের মাঠের একটি ধৈঞ্চা ক্ষেত থেকে আবিরের হাত বাঁধা লাশ উদ্ধার করে।

নিহত শিশু আবির হোসেন পার্শ্ববর্তী আলমডাঙ্গা উপজেলার সরিষাডাঙ্গা গ্রামের প্রবাসী আসাদুল হকের ছেলে। তার বাবা বিদেশ থাকার সুবাদে ছোটবেলা থেকেই মিনাপাড়া গ্রামে তার নানা রেজাউল হকের বাড়িতে মায়ের সাথে থাকে। আবির হোসেন স্থানীয় মিনাপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির মেধাবী ছাত্র।

স্থানীয়রা জানান, শনিবার বিকেলে আবির নিখোঁজ হয়। বিকেল থেকে মধ্য রাত পর্যন্ত কোথাও আবিরের খোঁজ না পেয়ে পরিবারে হতাশা নেমে আসে। একপর্যায়ে গ্রামের একজন প্রত্যক্ষদর্শী জানায় যে,আবিরকে স্কুল ফিল্ড থেকে নূহু মেম্বরের ছেলে ও অন্যজন মোটর সাইকেল করে বিকেলে নিয়ে যেতে দেখেছে।এরই সূত্র ধরে সন্দেহভাজন দৃর্বৃত্তদের জিজ্ঞাসাবাদের এপর্যায়ে নিখোঁজের কারন জানতে পাওয়া যায়।

পরে স্থানীয় ক্যাম্প পুলিশ, গাংনী থানা পুলিশ ও ডিবি পুলিশের সদস্যরা নানাভাবে জিজ্ঞাসাবাদের পর তারা নিজেদের দোষ স্বীকার করে স্বীকারোক্তি দেয়। দোষীদের বর্ণনা মতে মিনাপাড়া গ্রামের মাঠের ধৈঞ্চা ক্ষেত থেকে আবিরের লাশ উদ্ধার করা হয়।একমাত্র ছেলেকে হারিয়ে পাগলপ্রায় তার নানা রেজাউল হক ও মা রোজিনা খাতুন। এ ঘটনায় মিনাপাড়া গ্রামের নুহু মেম্বরের ছেলে হামিম হোসেন ওরফে নূর (১৫) ও একই গ্রামের মিরাজুল ইসলামের ছেলে মুজাহিদকে(১৫) আটক করা হয়েছে।এরা দুজনই স্থানীয় মিকুশিস মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র। এরা বখাটে এবং মাদকাসক্ত ।এদের বিরুদ্ধে ছাত্রী উত্ত্যক্ত করা চুরি এবং নানা অপকর্মে জড়িয়ে থাকার অভিযোগ রয়েছে।

পারিবারিক সূত্রে আবিরের ছোট নানা জহুরুল ইসলাম জানায়,শনিবার সন্ধ্যার পর থেকেই আবিরের মোবাইল ফোন থেকে একটি অপহরণকারীদল তার মা ও বাবার মোবাইল নাম্বারে কল করে ১ লক্ষ টাকা মুক্তিপণ দাবি করে। তারা মুক্তিপন পেতে প্রবাসী আসাদুলের সাথে অগোছালো

ভাবে মোবাইল ফোনে হিন্দা ভাষায় কথা বলে। যেটা ফোনের কল রেকর্ড থেকে পাওয়া গেছে। মুক্তিপণ দিয়ে হলেও ছেলেকে ফেরত পেতে আকুল মিনতি জানান আবিরের বাবা আসাদুল ইসলাম ও মা রোজিনা খাতুন। তবে শেষ পর্যন্ত মুক্তিপণ না পেয়ে শ্বাসরোধে আবিরকে হত্যা করে ধৈঞ্চা ক্ষেতে মরদেহ ফেলে দেয় অপহরণকারীরা পরে গাংনী থানা পুলিশ আবিরের লাশ রাতেই উদ্ধার করে।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানানআমি সঙ্গীয় ফোর্স নিয়ে রাতেই ঘটনাস্থল পরিদর্শন করে সন্দেহভাজনদের জিজ্ঞাসাবাদ করি। তাদের স্বীকারোক্তি অনুযায়ী ঘটনার সাথে জড়িতদের আটক করা হয়েছে।লাশ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে।